

স্মারক নং-৪৬.০৩.২৬০০.০৮১.১১.২৩৩.১৮-১০৯৮

তারিখঃ ০৩/০৪/২০১৮ খ্রিঃ।

নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এর স্থানীয় সরকার বিভাগের অধীন জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের নিম্নবর্ণিত রাজস্ব/অস্থায়ী রাজস্ব খাতভুক্ত পদে নিয়োগের জন্য পদের পার্শ্বে বর্ণিত শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা এবং নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে বাংলাদেশের প্রকৃত স্থায়ী নাগরিকদের নিকট হতে আবেদন আহ্বান করা যাচ্ছে।

ক্রঃ নং	পদের নাম	শূন্য পদের সংখ্যা	বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী)	বয়স সীমা (৩০/০৪/২০১৮ খ্রিঃ তারিখে)	শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা	যে সকল জেলার প্রার্থীরা আবেদন করতে পারবে না (মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানের সন্তান ও এতিম/প্রতিবন্ধী প্রার্থী ব্যতীত)
১	২	৩	৪	৫	৬	৭
১।	হিসাব সহকারী	৮	টাঃ ৯৩০০-২২৪৯০/-	১৮ হতে ৩০ বছর	উচ্চ মাধ্যমিক পাস	জামালপুর, মানিকগঞ্জ, নেত্রকোণা, শেরপুর, ফেনী, রাঙ্গামাটি, বান্দরবান, খাগড়াছড়ি, রাজশাহী, লালমনিরহাট, খুলনা, নড়াইল, মাগুরা, বরিশাল, পিরোজপুর, বরগুনা, ভোলা, ঝালকাঠি।
২।	ক্লার্ক কাম টাইপিষ্ট	১২৮	টাঃ ৯৩০০-২২৪৯০/-	১৮ হতে ৩০ বছর	উচ্চ মাধ্যমিক পাস কম্পিউটারে Word Processing, Data Entry ও Typing এর গতি প্রতি মিনিটে বাংলা ১৫ ও ইংরেজিতে ২০ শব্দ হতে হবে।	

শর্তাবলীঃ

- আবেদনকারীকে সংযুক্ত ছক মোতাবেক/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের ওয়েবসাইট www.dphe.gov.bd হতে আবেদন ফরম (প্রবেশ পত্রের নমুনা সহ) ডাউনলোড করে A4 সাইজ কাগজে ২ কপি আবেদনপত্র ও ২ কপি প্রবেশপত্র পূরণ পূর্বক "নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, গ্রাউন্ড ওয়াটার বিভাগ, ১৪, শহীদ ক্যাস্টেন মনসুর আলী সরণি, কাকরাইল, ঢাকা-১০০০" বরাবর সরাসরি বা ডাকযোগে আবেদন পত্র অফিস চলাকালীন সময়ের মধ্যে প্রেরণ করতে হবে।
- আবেদনপত্র ও প্রবেশপত্রের যথাযথ স্থানে ১টি করে মোট ৪টি সদ্য তোলা (৫ সে.মি. X ৫ সে.মি. সাইজের) ছবি আঠা দিয়ে সংযুক্ত এবং একটি অতিরিক্ত ছবি (পেছনে নাম লিখা সত্যায়িত) স্ট্যাম্প করে সংযুক্ত করতে হবে। পরীক্ষার ফি বাবদ ১০০.০০ (একশত) টাকা "প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা" এর বরাবর কোড নং ১-৩৭৪১-০০০০-২০৩১ জমাদান করে চালানের মূলকপি সংযুক্ত করতে হবে।
- আবেদনপত্রের সাথে জাতীয় পরিচয়পত্র/জননানিবন্ধন সনদ, সকল শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদপত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে। মৌখিক পরীক্ষার সময় মূল কপি প্রদর্শন করতে হবে।
- প্রার্থীর বয়সসীমা ৩০/০৪/২০১৮ খ্রিঃ তারিখে ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে বয়স সীমা ৩২ বছর। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না। বয়স প্রমাণের সনদ মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে।
- মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানের সন্তান হিসাবে প্রার্থীকে আবেদন পত্রের সাথে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানের সন্তান সনদের সত্যায়িত ফটোকপি (১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) দাখিল করতে হবে। সরকারের সর্বশেষ প্রজ্ঞাপন অনুযায়ী সনদপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে।
- সকল জেলার মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানের সন্তান ও এতিম/প্রতিবন্ধী প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
- সরকারি/আবাসনকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরত আবেদনকারীকে নিজ নিজ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। আবেদনপত্রের অমিম কপি গ্রহণযোগ্য নয়।
- আবেদনপত্রের খামের উপরের অংশে মোটা অক্ষরে আবেদনকৃত পদের নাম ও নিজ জেলা ও প্রযোজ্য ক্ষেত্রে কোটার নাম অবশ্যই উল্লেখ করতে হবে।
- সঠিক ঠিকানায় ইন্টারভিউ কার্ড প্রেরণ নিশ্চিত করার স্বার্থে প্রার্থী কর্তৃক তার বর্তমান ঠিকানা (Mailing Address) সম্বলিত ৯"X ৪" মাপের অতিরিক্ত একটি খাম (১০.০০ টাকা মানের পোস্টাল স্ট্যাম্পযুক্ত) আবেদন পত্রের সাথে প্রেরণ করতে হবে।
- প্রাথমিক বাছাইয়ের পর কেবল মাত্র কর্তৃপক্ষের বিবেচনায় উপযুক্ত প্রার্থীগণকে পরবর্তী পরীক্ষার স্থান, তারিখ ও সময় প্রবেশপত্র প্রেরণের মাধ্যমে অবহিত করা হবে। লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।
- আবেদনপত্র সরাসরি গ্রহণের এবং ডাকযোগে পৌঁছানোর শেষ তারিখ ৩০/০৪/২০১৮ খ্রিঃ (অফিস চলাকালীন সময় পর্যন্ত) উক্ত তারিখ ও সময়ের পরে কোন আবেদন পত্র গ্রহণ করা হবে না।
- বিলম্বে প্রাপ্ত/অসমাপ্ত/অপূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য করা হবে। এজন্য কোন কারণ/ব্যাখ্যা প্রদান করতে কর্তৃপক্ষ বাধ্য থাকবে না।
- মুক্তিযোদ্ধা, মহিলা, উপজাতীয়, এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী, আনসার- গ্রাম প্রতিরক্ষা সদস্য এবং জেলা কোটা প্রচলিত সরকারি বিধি-বিধান ও নীতিমালা মোতাবেক সংরক্ষণ করা হবে।
- বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা উপযুক্ত কর্তৃপক্ষের ছাড়পত্র প্রাপ্তি/সম্মতি সাপেক্ষে কম/বেশি করার অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এই বিজ্ঞপ্তি সংশোধন/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।
- অত্র বিজ্ঞপ্তিতে বর্ণিত হয়নি এমন কোন বিষয়ে সিদ্ধান্তের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয় এর প্রচলিত বিধি-বিধান অনুসরণ করা হবে।
- নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত। এ বিষয়ে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না।

M. M. M.
03/04/18

(মোহাম্মদ ফয়েজুল ইসলাম সুমন)

নির্বাহী প্রকৌশলী

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, গ্রাউন্ড ওয়াটার বিভাগ

ও
সদন্য সচিব

৩য় ও ৪র্থ শ্রেণির পদে বাছাই/নির্বাচন ও পদোন্নতি কমিটি।